

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩২৭

খোয়াই, ৩০ ডিসেম্বর, ২০২৪

নবভারত সাক্ষরতা কার্যক্রম
খোয়াই জেলায় চূড়ান্ত পর্বের মূল্যায়ন

নবভারত সাক্ষরতা কার্যক্রমে গতকাল খোয়াই জেলায় মূল্যায়ন পর্ব অনুষ্ঠিত হয়। জেলার তুলাশিখর, পদ্মবিল, মুঙ্গিয়াকামি, খোয়াই, কল্যাণপুর, তেলিয়ামুড়া ব্লক এবং খোয়াই ও তেলিয়ামুড়া পুরপরিষদ এলাকার ১,৯৩১ জন পড়ুয়া ও নবপড়ুয়া ১৫০টি মূল্যায়ন কেন্দ্রে রিডিং, রাইটিং ও অঙ্কে চূড়ান্ত পর্বের মূল্যায়নে বসেন। এই কর্মসূচির দায়িত্বে ছিলেন ১৫০ জন নোডাল টিচার, ৬ জন ব্লক কো-অর্ডিনেটর, ২ জন এমসি কো-অর্ডিনেটর ও ১ জন জেলা কো-অর্ডিনেটর। উল্লেখ্য, খোয়াই জেলায় ১,৯৪৩ জন লার্নার রয়েছে। জেলা শিক্ষা আধিকারিক কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।
